

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৩। প্রতি মাসে ছোট্টে সে নদীর বান, কত ধনীর ভরা
 যাচ্ছে মারা থাকরে সাবধান।
 এবার গুরুর কাছে জান সন্ধান, ভবপারে যাবার ফিকিরি ॥
- ৪। যার আছে গুরুকৃপা বল,
 সেই সে কেবল জানতে পারে কোনখানে কোনজন।
 তার তরী যায় না রসাতল, ও যার গুরু আছে কাভারী ॥
- ৫। তারকচাঁদ বারে বারে কয়,
 কে কে যাবি ভব পারে সময় বয়ে যায়।
 এবার অশ্বিনী ভুলিল মায়ায় আমি ঐ দুঃখে বুঝে মরি ॥

১৬৩ নং গান তাল-কাওয়ালী

- গুরুতত্ত্ব পরমার্থ কামাই যদি করিতে চাও।
 অন্তরে মাধুর্য রেখে ঐশ্বর্যের ঢাকনি দাও ॥
- ১। তিন পয়সার সুসার নাই তোর, লক্ষপতি নাম চেতাও।
 ভাবের সঙ্গে নাই দেখা শুনা, মিছে কেবল ভাব দেখাও ॥
- ২। কারো না ধর্মের আড়ম্বর, মান প্রতিষ্ঠা তাড়িয়ে দাও।
 রেখে দেল মে খাঁটি ময়লা মাটি ঘুচাইয়া সাচ্চা হও ॥
- ৩। সাধুর ভানে লুকিয়ে কেনে, বাবা ঠাকুর হ'তে চাও।
 যে দিন নিকশ ল'বে, দেখনা ভেবে, কেন পরকাল হারাও ॥
- ৪। পেয়েছ মনুষ্য জনম, এ হ'তে আর কি ধন চাও।
 হ'য়ে হরিবোলা, হৃদয় খোলা, প্রেমানন্দে ডুবিয়া রও ॥
- ৫। মহানন্দের পদারবিন্দে, মন প্রাণ সঁপিয়া দাও।
 অশ্বিনী তোর কিসের শঙ্কা, ডঙ্কা মেরে পারে যাও ॥